গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

বিষয়: **বীমা কোম্পানী গঠনে পরামর্শক নিয়োগ ও কার্যপরিধি নির্ধারণ**

'বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড' একটি সংবিধিবদ্ধ সংস্থা। অসামরিক সরকারি কর্মচারী, বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মচারীসহ প্রজাতন্ত্রের প্রায় ১৯ লক্ষাধিক কর্মচারী এবং তাঁদের পরিবারের সদস্যসহ সর্বমোট প্রায় ১.০০ (এক) কোটি মানুষের আর্থসামাজিক নিরাপত্তা সেবাসমূহ তৃণমূল পর্যায়ে অধিকতর কল্যাণ সাধনের লক্ষ্যে বিভিন্ন প্রকার কল্যাণমূলক সেবা প্রদানে বোর্ড নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সরকারি চাকুরীজীবীদের জীবনমান উন্নয়নের জন্য উন্নত বিশ্বের মতো জীবন বীমা চালু করার নিমিত্ত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩৫ তম বোর্ড সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক একটি স্বতন্ত্র বীমা কোম্পানী গঠনের প্রস্তাব নীতিগত অনুমোদন করা হয়; এবং

(খ) বীমা কোম্পানী গঠনের লক্ষ্যে বীমা বিশেষজ্ঞ ব্যক্তি/ প্রতিষ্ঠানকে পরামর্শক হিসেবে নিয়োগের অনুমোদন দেয়া হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রস্তাবিত বীমা কোম্পানী গঠনের লক্ষ্যে পরামর্শক নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

০২। **শিরোনাম** 'বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের' বীমা কোম্পানী গঠনে পরামর্শক নিয়োগ ও কার্যপরিধি নির্ধারণ।

০৩। **উদ্দেশ্য-**

(ক) 'বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড' আইন-২০০৪ এর ১৮ ধারা বাস্তবায়ন এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩৫ তম বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;

(খ) জাতীয় বাজেটে সামাজিক নিরাপত্তা বলয় সংশ্লিষ্ট আর্থিক চাপ হ্রাসকরণ;

(গ) সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীগণের সুপরিকল্পিত সমন্বিত স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ;

০৪। **বীমা পরামর্শকের যোগ্যতা:**

(ক) হিসাবরক্ষক,এ্যাকচুয়ারি, আইনজ্ঞ বা সরকারের সাবেক উর্ধ্বতন কর্মকর্তা, কোম্পানি আইন, ১৯৯৪; বীমা আইন, ২০১০; বীমা উন্নয়ন ও কর্তৃপক্ষ আইন,২০১০ এবং সংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী একটি স্বতন্ত্র জীবন বীমা কোম্পানি গঠন এবং বীমা কোম্পানি প্রতিষ্ঠাবিষয়ক সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন কোন ব্যক্তি/ ব্যক্তিবর্গ পরামর্শক হবার যোগ্য হবেন;

(খ) বীমা পরামর্শককে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে;

(গ) কোন্ ফৌজদারী মামলায় দন্ডিত হতে পারবেন না।

০৫। **বীমা পরামর্শকের কার্যপরিধি:**

১.০০ কোম্পানী আইন, ১৯৯৪ এর ধারা ৫, বীমা আইন, ২০১০ এর ধারা ৫ (২) এবং বীমাকারীর নিবন্ধন প্রবিধানমালা, ২০১৩ এর বিধান অনুযায়ী একটি স্বতন্ত্র বীমা কোম্পানী গঠনের লক্ষ্যে প্রয়োজনীয় নিম্ন বর্ণিত কার্যাদি সম্পাদন:-

১.০১ কোম্পানী আইন, ১৯৯৪ বিধান অনুযায়ী সংঘস্মারক ও সংঘবিধি এর খসড়া তৈরী এবং পরবর্তীতে কল্যাণ বোর্ড এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক উক্ত খসড়া অনুমোদিত হলে যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর (RJSC) হতে কোম্পানীর Certificate of Incorporation এবং ... of Business প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যাদি সম্পাদন

নিবন্ধনের জন্য আবেদন: (১) লাইফ ইন্স্যুরেন্স বা নন-লাইফ ইন্স্যুরেন্স ব্যবসা পরিচালনা করতে ইচ্ছুক এইরূপ প্রত্যেক ব্যক্তিকে কর্তৃপক্ষের নিকট, নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য ফরম বীউনিক-ক অনুযায়ী আবেদনপত্র প্রস্তুতক্রমে জমা প্রদান।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন দাখিলকৃত আবেদনপত্রের সাথে আইনের ধারা ৮ এর উপ-ধারা (৫) এ উল্লিখিত দলিল, কাগজ ও তথ্যাদিসহ নিম্নবর্ণিত অন্যান্য দলিল, কাগজ ও তথ্যাদি দাখিলকরণ, যথা:-

(ক) ফরম বীউনিক-ক অনুযায়ী প্রস্তাবিত বীমা কোম্পানীর সম্ভাব্যতা প্রতিবেদন প্রস্তুতকরণ;

(খ) ফরম বীউনিক-খ ও বীউনিক-গ অনুযায়ী প্রস্তাবিত বীমা কোম্পানীর উদ্যোক্তা/পরিচালক এবং মুখ্য নির্বাহী কর্মকর্তার জীবন বৃত্তান্ত সংগ্রহকরণ ও জমা প্রদান;

(গ) প্রস্তাবিত বীমা কোম্পানীর উন্নয়ন ও সেবা বিভাগের প্রধান, অর্থ ও হিসাব, অবলিখন ও পুনঃবীমা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও সমন্বয়, দাবী নিষ্পত্তি এবং তথ্য ও প্রযুক্তি বিভাগে নিযুক্ত কর্মকর্তাগণের জীবন বৃত্তান্ত এবং নাগরিক সনদপত্রের অনুলিপি সংগ্রহকরণ ও জমা প্রদান;

(ঘ) প্রস্তাবিত বীমা কোম্পানীর উদ্যোক্তাগণের সভার কার্যবিবরণী সংগ্রহকরণ ও জমা প্রদান;

(ঙ) বীমা কোম্পানী গঠনের বিষয়ে উদ্যোক্তগণের লিখিত চুক্তি সংগ্রহকরণ ও জমা প্রদান;

(চ) নিম্নোক্ত খাতের ব্যবস্থাপনা কৌশল সম্বলিত বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন:

  (১) প্রস্তাবিত বীমা কোম্পানীর সম্পদের সাথে সম্পর্কিত ঝুঁকিসমূহ;

  (২) সুবিধাবঞ্চিত এলাকা/ সম্প্রদায়ের সেবা পৌঁছে দেবার কৌশল;

  (৩) গ্রাহকগণের অধিকতর ভাল সেবা প্রদানের লক্ষ্যে কোম্পানীকে নতুন ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের সচেষ্টতার বিবরণ প্রস্তুতকরণ ও জমাপ্রদান।

২.০০ বীমা আইন, ২০১০ এর ধারা ৮ এবং বীমাকারীর নিবন্ধন প্রবিধানমালা, ২০১৩ এর বিধান অনুযায়ী প্রস্তাবিত বীমা কোম্পানির বীমা সেবা প্রদানের উদ্দেশ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে নিবন্ধন সনদ (Certificate of Registration) প্রাপ্তির উদ্দেশ্যে নিম্ন বর্ণিত বিষয়াদি :-

২.০১ বীমা কোম্পানির নিম্ন বর্ণিত তথ্য সম্বলিত সম্ভাব্যতা প্রতিবেদন (Feasibility Report) তৈরী;

(১) বাংলাদেশের সামষ্টিক অর্থনৈতিক পটভূমি ও পরিবেশ;

(২) অর্থনৈতিক পদ্ধতি ও কাঠামো;

(৩) অর্থনৈতিক প্রক্ষেপণ;

(৪) উদ্যোগ সম্পর্কিত অবলিখন;

(৫) বিনিয়োগ;

(৬) তথ্য প্রযুক্তি;

(৭) রিটেনশন (Retention) সীমা ও পুনঃবীমা;

(৮) নিয়োগ ও প্রশিক্ষণ;

(৯) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ;

(১০) প্রশাসনিক ব্যয়;

(১১) কর্মচারীদের কল্যাণার্থে একচ্যুয়ারি কর্তৃক পণ্য (বীমা পরিকল্প) মূল্যসহ সুবিধাবলী নির্ধারণ;

(১২) পরবর্তীতে পণ্যের মূল্যসহ সুবিধাবলী নির্ধারণ, পলিসিসমূহের এচ্যুয়ারিয়াল সার্ভিস গ্রহণের বিবরণ;

(১৩) আবেদনকৃত কোম্পানির পর্যালোচনাসহ ব্যবসায়িক পরিকল্পনা

(১৪) অর্থনৈতিক বিচার বিশ্লেষণ ও ব্যবসায়িক প্রক্ষেপণ;

(১৫) আবেদনকারীর SWOT (শক্তিমত্তা, দুর্বলতা, সুযোগ, হুমকি) বিশ্লেষণ;

(১৬) টিকে থাকা ও প্রবৃদ্ধির সুদূরপ্রসারী কৌশল; এবং

(১৭) ব্যাখ্যা সম্বলিত সংবেদনশীল পরীক্ষণ

২.০২ ব্যবস্থাপনা কৌশল সম্পর্কিত বিস্তারিত পরিকল্পনা তৈরী :

(১) প্রস্তাবিত কোম্পানির সম্পদের সাথে সম্পর্কিত ঝুঁকিসমূহ;

(২) সুবিধাবঞ্চিত এলাকা/ সম্প্রদায়ে সেবা পৌছে দেয়ার কৌশল;

(৩) গ্রাহকগণের অধিকতর ভাল ও সেবা প্রদানের লক্ষ্যে কোম্পানিকে নতুন ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের সচেষ্টতার বিবরণ।

২.০৪ বীমা আইনে নির্ধারিত ফরম-বীউনিক-'ক' অনুযায়ী বীমা কোম্পানির নিবন্ধন প্রাপ্তির জন্য আবেদন পত্র প্রস্তুতকরণ;

২.০৫ বীমা কোম্পানি গঠনের বিষয়ে উদ্যোক্তাগণের লিখিত চুক্তি প্রস্তুতকরণ;

২.০৬ বীমা আইনে নির্ধারিত ফরম:- বীউনিক-খ এবং ফরম: বীউনিক-গ অনুযায়ী কোম্পানির উদ্যোক্তগণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তার জীবন বৃত্তান্ত প্রস্তুতকরণ;

২.০৭ প্রস্তাবিত বীমা কোম্পানির কার্যক্রম পরিচালনার লক্ষ্যে উন্নয়ন ও সেবা বিভাগ, অর্থ ও হিসাব বিভাগ, অবলিখন ও পুনঃবীমা বিভাগ, অভ্যন্তরীন নিয়ন্ত্রণ ও সমন্বয়, দাবী নিষ্পত্তি এবং তথ্য প্রযুক্তি বিভাগে নিযুক্ত জীবন বৃত্তান্ত সংগ্রহ প্রক্রিয়া নির্ধারণ এবং সংগ্রহের পর যাচাই বাছাইকরণ এবং অনুমোদনের জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিকট উপস্থাপন। কল্যাণ বোর্ডের অনুমোদনের পর বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর আবেদনের সাথে প্রদান;

২.০৮ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুমোদন সাপেক্ষে নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনায় নিয়ে যৌথ বীমা, গ্রুপ বীমা, জীবন বীমা এবং স্বাস্থ্য বীমা পরিকল্প তৈরী ও এতদ্বসংক্রান্ত যে কোন্ বিষয়ে সহায়তা গ্রহণের জন্য একচুয়্যারির সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(ক) প্রোডাক্টের ধরণ এবং প্রোডাক্টের বিভিন্ন সেবার ধরণ ও সেবাসমূহের cost benifit ratio নির্ণয়;

(খ) দক্ষিণ কোরিয়া, থাইল্যান্ড, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, মালেশিয়া, ভুটান, চীন, কানাডা, ভারত এবং ইউরোপের দেশগুলোতে সরকারি কর্মচারীদের কিভাবে বীমা সুবিধা প্রদান করা হয় তার বিশ্লেষণ;

(গ) ক্যাটাগরি অনুযায়ী প্রিমিয়ামের পরিমাণ নির্ধারণ;

(ঘ) প্রিমিয়ামের মেয়াদ;

(ঙ) সরকারের কন্ট্রিবিউশন হিসাব নির্ণয়;

(চ) সরকারি কর্মচারীদের পরিবারের কোন্ কোন্ সদস্য এ সেবার আওতায় থাকবে;

(ছ) কোন কোন রোগের চিকিৎসা-তে বীমা সুবিধা পাওয়া যাবে;

(জ) কোন কোন ডায়াগনস্টিক সেন্টার/ক্লিনিক/হাসপাতালে সেবা পাওয়া যাবে;

(ঝ) বিদেশে বা নিজস্ব পছন্দের ডায়াগনস্টিক সেন্টার/ক্লিনিক/হাসপাতালে সেবা গ্রহণের ক্ষেত্রে কতটা আর্থিক সহায়তা পাবে;

(ঞ) সরকারি কমর্চারীদের এ বীমার আওতায় আসাটা বাধ্যতামূলক নাকি ঐচ্ছিক বিষয়টি স্পষ্ট করতে হবে;

৩.০০ উপরে বর্ণিত অনুচ্ছেদ সমূহে উল্লেখিত বিষয় ব্যতিত একটি স্বতন্ত্র বীমা কোম্পানি গঠন ও প্রতিষ্ঠান সংশ্লিষ্ট প্রয়োজনীয় অন্য যে কোন্ বিষয় থাকলে তার বিবরণ।

৪.০০ অনুচ্ছেদ ১.০, ২.০ ও ৩.০ এ বর্ণিত সকল কার্যাদি নিয়োগ প্রদানের ১২ মাসের মধ্যে সম্পাদন নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে প্রথম মাসে আলাদা আলাদা ভাবে ১২ মাসের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা দাখিল করতে হবে। কর্মপরিকল্পনার মাইলস্টোন অর্জনের সাথে পরামর্শকের সম্মানী পরিশোধের বিধান রেখে চুক্তি স্বাক্ষর করতে হবে।

০৬। **<u>কনসালট্যান্সি ফি প্রদানের পদ্ধতি:</u>**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে চুক্তির শর্তমতে কনসালটেন্ট কর্তৃক ডেলিবারেবলস প্রদান ও মহাপরিচালকের (সচিব) অনুমোদনের শর্তে কনসালট্যান্সি ফি প্রদান করা যাবে। কনসালট্যান্সি ফি একাউন্টপেয়ি চেকের মাধ্যমে পরিশোধযোগ্য।

০৭। **<u>চুক্তির মেয়াদ ও নবায়ন:</u>**

পরামর্শক ১২ (বার) মাসের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন। সন্তোষজনক সেবার ভিত্তিতে উভয়পক্ষের সম্মতিক্রমে চুক্তি শেষ হওয়ার কমপক্ষে ০১ (এক) মাস আগে আবেদনের প্রেক্ষিতে চুক্তির মেয়াদ ও নবায়নের বিষয় বিবেচনা করা হবে;

০৮। পরামর্শক এর সাথে চুক্তিপত্র স্বাক্ষরের পর বোর্ড যুক্তিসংগত, ন্যায়ানুগ এবং কর্মসংশ্লিষ্ট বিবেচনাক্রমে অন্য কোন দায়িত্ব একই শর্তাবলিতে যুক্ত করার অধিকার সংরক্ষণ করে।

০৭। **<u>চুক্তি বাতিলকরণ:</u>**

(ক) দায়িত্ব পালনে গাফিলতি বা চুক্তির কোন্ শর্ত ভঙ্গ করলে নিয়োগকারী কর্তৃপক্ষ চুক্তি বাতিল করতে পারবেন।

(খ) যে কোন পক্ষ একে অন্যকে কমপক্ষে ০১ (এক) মাসের লিখিত নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।

(মুঃ মোহসিন চৌধুরী)
মহাপরিচালক (সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড